...বে দোষী ছাত্রদের ...
... নেওয়া পর্যন্ত ধর্মঘট অব্যাহত
সিদ্ধান্ত গৃহীত হয়।

বেসরকারি শিক্ষক ও কর্মচারীদের মে মাসের বেতনের চেক হস্তান্তর

২০০১টি নতুন বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের মে মাসের বেতন-ভাতার সরকারি অংশের টাকা ১২টি চেকের মাধ্যমে গত ৩০ জুন অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। খবর বাসসের।

আগামী ২০ জুলাইর মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে শিক্ষক ও কর্মচারীদের বাতিলত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে বেতন-ভাতার সরকারি অংশ তোলার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানকে অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, সঙ্গত কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক অথবা কর্মচারী ২০০১-২০০২ অর্থবছরের বরেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে তুলতে পারেননি তারাও সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টের মাধ্যমে এ সময়ের টাকা একসঙ্গে তুলতে পারবেন।

বাজপেয়ি মন্ত্রিসভা

প্রথম পৃষ্ঠার পর

পালিল এর আগে প্রতিমন্ত্রীর দায়িত্বে ছিলেন।

প্রতিরক্ষামন্ত্রী জর্জ ফার্নান্ডেজ গতকাল বার্তা সংস্থাকে জানান, বাজপেয়ি পররাষ্ট্রমন্ত্রী যশোবন্ত সিংকে তার নতুন অর্থমন্ত্রী নিযুক্ত করেন। অর্থমন্ত্রী যশোবন্ত সিনহা পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন।

ভারতের রাষ্ট্রপতি কে আর নারায়ণন গতকাল দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে তাদের শপথবাক্য পাঠ করান।

প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন ক্ষমতাসীন এনডিএ জোটের শরিক দল লিএমকের এন টি সন্মুগম ও এ কে মূর্তি, শিবসেনার অনন্ত গীথে। অন্যরা হলেন বিজেপির নিখিল চৌধুরী, বিনোদ বান্না শ্রীপদ নায়েক, বসনগৌড়া পাতিল, সন্তোষ গাঙ্গোয়ান ও গিরিজাভূষণরায়সার। কেন্দ্রীয় মন্ত্রিসভার এই রদবদলের আগে প্রতিমন্ত্রী মানেকা গান্ধী, ভি ধনঞ্জয় কুমার ও মুন্নিলালকে পদত্যাগ করতে বলা হয়। রাষ্ট্রপতি নারায়ণন তিন পূর্ণ মন্ত্রী এম ভেঙ্কাইয়া নাইডু, অরুণ জেটলি ও সি পি ঠাকুরের পদত্যাগপত্রের সঙ্গে এই তিন প্রতিমন্ত্রীর পদত্যাগপত্র গ্রহণ করেন।

প্রথম আলো

১১ বিজ্ঞাপনদাতাদের সুবিধার্থে রাজধানী ঢাকায় এখন টি বুথ

যোগাযোগ করুন

কোয়ালিটি ৭৫/৯, মহাখালী বা/এ (ওয়্যারলেছ গেইট) গুলশান,ঢাকা-১২১২, ফোন : ৬০৮৮১৩, মোবা : ০১৭-৩৫০২০৭

মিলন পুষ্পালয় ২৪৩, ধুপখোলা সিটি করপোরেশন মার্কেট, (বাসস্ট্যান্ডের বিপরীত পাশে) শেওরিয়া, ঢাকা। ফোন : ৭৪১৩১৫৯, ০১৭-৯৭০৭০২

হলমার্ক ১৪/২১, আসাদ এভিনিউ ব্লক-এ, (পোস্ট অফিসের পাশে) মোহাম্মদপুর, ঢাকা। ফোন : ০১৭-১৮৮২৭৭

কে রহমান এন্ড সন্স বাড়ি নং-৫১, রোড নং ১৫ সেক্টর-৩ রবীন্দ্রস্মরনী উত্তরা ঢাকা। ফোন : ৮৯১১৯৯৫, ০১৭৯৪০৩৪৫

বারল্ গ্রুপ ১০ মেট্রোপলিটান শপিং প্লাজা, গুলশান-২। ফোন : ৮৮২৪৫৪২, ৮৮২২৫৫৫, ৬০৬৭৬১

এ্যাডটাচ ১২৩/১২০ নিউকাকরাইল রোড মৌবন সুপার মার্কেট (২য় তলা) শান্তিনগর, ঢাকা। ফোন : ৯৩৩২০১৯, ০১৭৩১৬৩৫১

চিত ১৫২/১ পান্থপথ (২য় তলা), ঢাকা, ফোন : ০১৮ ২৪৪০০৯, ০১৭৬৭১০৬৬

ট্রান্সকম লিঃ ৫২ মতিঝিল (নিচতলা), ঢাকা, ফোন : ৯৫৬১৭৭০-২৫৩

প্রচিত ৮৮ আজিজ কোঅপারেটিভ সুপার মার্কেট (২য় তলা) শাহবাগ, ঢাকা। ফোন : ৯১৩৪৪৩৭, ০১৭-৪০৪৪৩২

ইমর বাড়ি নং-২ রোড নং-৩, ব্লক-এ, সেকশন-১০, মিরপুর-১২১৬, ঢাকা। ফোন : ০১১-৮১২২০২

রশিদ পাবলিকেশন ৩৭ বাংলাবাজার, (উত্তরা ব্যাংকের নিচে), ঢাকা।

এছাড়া কারওয়ান বাজারে মূল অফিসে বিজ্ঞাপন বিভাগ তো রয়েছেই।

...সম্পদের চেয়ে কোনো ব্যক্তিগত অভিনন্দন বড় নয়।

...মাঠে ফেরা, মাঠ জয় করা, গোল্ডেন বুট পেয়েছে এবং গোল্ডেন বলও খুব সম্ভব হাতে... বিশ্বকাপ থেকে সম্ভাব্য সবই হয়েছে। এখন নতুন কোনো লক্ষ্যের পথে ছুটবেন? 'আমি এই অর্জন উদযাপন করব, কিন্তু জানি এখন নতুন লক্ষ্য, নতুন চাহিদা তৈরি হবে। আমি খুব উচ্চাভিলাষী। লক্ষ্যটা পরিষ্কার বলেননি, কিন্তু লক্ষ্য যা-ই হোক নেটা রোনালদো অর্জন করবেনই। ২০০২ বিশ্বকাপের শিক্ষা এটাই। এএফপি, ইন্টারনেট অবলম্বনে।

সরকারি কর্মচারী ছাঁটাই হবে

প্রথম পৃষ্ঠার পর

হয়েছে।

তবে তিনি বলেন, আপাতত কয়েকটি মন্ত্রণালয় ও বিভাগে এ সিদ্ধান্ত কার্যকর করা হবে।

প্রাথমিকভাবে মন্ত্রিপরিষদ বিভাগ, সংস্থাপন মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অধীন অর্থবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ওই সিদ্ধান্ত কার্যকর করা হবে। গত ২৭ জুন সংস্থাপন মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগে সরকারের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য আনুষ্ঠানিক চিঠি দিয়েছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, চিঠি পাওয়ার পর সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ ছাঁটাইয়ের সম্ভাব্য তালিকা তৈরির কাজ শুরু করেছে। তালিকা চূড়ান্ত করে প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পাঠানো হবে। প্রধানমন্ত্রীর অনুমোদনের পর কর্মচারী ছাঁটাই করা হবে। ওইসব মন্ত্রণালয় বা বিভাগের প্রায় তিনশত শাখা রয়েছে। সূত্র জানিয়েছে, কর্মকর্তা ও কর্মচারীর (অনুপাত ১:১) নীতি বাস্তবায়িত হলে এসব মন্ত্রণালয় ও বিভাগের প্রায় ১ হাজার কর্মচারী ছাঁটাই হতে পারেন।

সরকারের একাধিক সূত্রে আভাস পাওয়া গেছে, প্রাথমিক পদক্ষেপ সফল হলে পর্যায়ক্রমে অনেক বিভাগ-দপ্তর, অধিদপ্তর, সংস্থা বিলুপ্ত করে 'গোল্ডেন হ্যান্ডশেকে'র মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের ছাঁটাই করা হবে।

এদিকে সচিব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ইতিমধ্যে সরকারি সরবরাহ ও ক্রয় পরিদপ্তর বিলুপ্ত করার আদেশ জারি হয়েছে। ইতিমধ্যেই এ পরিদপ্তরের চট্টগ্রাম ও খুলনা শাখা অফিস বন্ধ করে দেওয়া হয়েছে। তবে এ পরিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের ভবিষ্যৎ কী হবে, সে সম্পর্কে এখনো কিছু বলা হয়নি। জানা যায়, এ সংস্থার অধীনে ১ হাজারের বেশি কর্মকর্তা ও কর্মচারী রয়েছেন। এ ছাড়াও বাংলাদেশ শিক্ষা তথ্য পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) বিলুপ্ত করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়েছে।

সূত্র জানায়, সচিব কমিটি পরিসংখ্যান বিভাগের সচিব ও সচিবের ব্যক্তিগত পদগুলো বিলুপ্ত করে জনবল হ্রাস করার প্রস্তাব করেছে। কমিটি পরিসংখ্যান বিভাগকে পরিকল্পনা বিভাগের সঙ্গে একীভূত করে একটি শাখা হিসাবে প্রতিষ্ঠার প্রস্তাব করেছে।

অপরদিকে মন্ত্রণালয় ও বিভাগের কতিপয় কাজ যেমন বার্তাবহন, টাইপিং, পরিষ্কার পরিচ্ছন্নতা, রক্ষণাবেক্ষণ ইত্যাদি চুক্তিভিত্তিতে করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিশেষত ... সঞ্চয়পত্রে বিনিয়োজিত। চলতি অর্থবছরের জুলাই-এপ্রিল হিসাবে সঞ্চয়পত্রে বিনিয়োগ দাঁড়িয়েছে ৩ হাজার ৯৪৩ কোটি টাকা। যার মধ্যে ২ হাজার ২০৬ কোটি টাকা 'প্রতিরক্ষা সঞ্চয়পত্রে' বিনিয়োগ রয়েছে। বাকি অর্থের মধ্যে পরিবার সঞ্চয়পত্রে ৩৫০ কোটি টাকা, ছয় মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্রে ৩০০ কোটি টাকা রয়েছে বলে জানা যায়।

সরকারি এক সূত্রে বলা হয়েছে, সঞ্চয়পত্রের সুদের হার বেশি হওয়ায় সরকার অন্য উৎস যেমন ব্যাংক ব্যবস্থা থেকে ঋণ করতে আগ্রহ দেখাচ্ছে। অন্যদিকে ব্যাংক ঋণের সুদ কমানো ও পুঁজিবাজারে বিনিয়োগকে উৎসাহিত করতে সরকার সঞ্চয়পত্রে বিনিয়োগে নিরুৎসাহিত করছে।

গৃহবধূকে হত্যা

প্রথম পৃষ্ঠার পর

দু হাত বেঁধে লাঠিপেটা করে। এক পর্যায়ে তার গলায় ওড়না পেঁচিয়ে ধরলে সে সংজ্ঞা হারিয়ে ফেলেন। বকুলকে প্রথমে হলি ফ্যামেলি হাসপাতাল এবং পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে (ডিএমসিএইচ) নেওয়া হলে রাত পৌনে ২টায় তিনি মারা যান। পাঁচতলা ভবনের তিনতলা থেকে পাঁচতলা হোটেল, দ্বিতীয়তলায় অফিস ও নিচতলায় জুয়েল সপরিবারে বাস করেন।

পুলিশের সুরতহাল রিপোর্টে উল্লেখ করা হয়েছে, বকুলের গলায় কালো জখম ও পাটের রশি দিয়ে দু হাত বাঁধার চিহ্ন রয়েছে। পুলিশের ধারণা, মারধর করার পর গলায় ফাঁস লাগিয়ে বকুলকে হত্যা করা হয়েছে।

গতকাল বকুলের পিতা ট্যানারি ব্যবসায়ী হাজী নূর মোহাম্মদ কান্নাজড়িত কণ্ঠে প্রথম আলোকে জানান, ২ বছর আগে জুয়েলের সঙ্গে তার মেয়ে বকুলের বিয়ে হওয়ার সময় রঙিন টেলিভিশন, ফ্রিজ, স্বর্ণালঙ্কার থেকে শুরু করে সবকিছুই জামাতা জুয়েলকে দেওয়া হয়। কিছুদিন না যেতেই সে (জুয়েল) নগদ টাকা দেওয়ার দাবি তুললে মেয়ের সুখের কথা ভেবে তিনি বিভিন্ন সময় জুয়েলকে ১ লাখ ৯০ হাজার টাকা যৌতুক দেন। কিন্তু এরপরও লোভী জুয়েল বকুলকে আরো টাকা এনে দিতে বলে। বকুলের ইফতি নামে ৯ মাস বয়সী এক ছেলে রয়েছে।

নূর মোহাম্মদ আরো জানান, সম্প্রতি জুয়েল যৌতুক হিসেবে একটি প্রাইভেট গাড়ি দেওয়ার দাবি তুলে। যদিও তিনি এ দাবি মেনে নিয়েছিলেন। কিন্তু গাড়ি কিনে দিতে কিছুটা দেরি হওয়ায় জুয়েল বকুলের ওপর প্রচণ্ড ক্ষিপ্ত হয়ে ওঠে। আর এ কারণে পরিকল্পিতভাবে জুয়েল তার মা-বাবার যোগসাজসে তার মেয়েকে গলায় ফাঁস লাগিয়ে হত্যা করে। অবশ্য রমনা থানায় গ্রেপ্তারকৃত জুয়েলের মা-বাবা এ অভিযোগ অস্বীকার করে বলেন, পারিবারিক কলহের জের ধরে বকুল বাথরুমের শাওয়ারের সঙ্গে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছে।

এ ব্যাপারে নূর মোহাম্মদ বাদী হয়ে জুয়েল ও তার মা-বাবাসহ তিনজনকে আসামি করে রমনা থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনের ১১(ক)/৩০ ধারায় একটি মামলা দায়ের করেছেন। আজ মঙ্গলবার বকুলের লাশের ময়না তদন্ত অনুষ্ঠিত হবে।

আইনজীবী ... অবশ্য বলেন, সভাপ... আহ্বান জানানোর স... হওয়ায় বৈধতার প্রশ্ন ... এ পর্যায়ে ... ঘোষকে ভিডিও করা... একদল আইনজীবী ... সভাপতির দিকে ... ওয়ায়ের ফারুক ... ফয়সাল মাহমুদ, ফ... তার দিকে ছুড়ে ম... তিনি বলেন, তাকে ... ছুড়ে মারা। হ... অ্যাডভোকেট এম... কয়েকজন আইনজ... ভেঙে ফেলেন এবং ... হট্টগোলের এক প... কিছু একটা বলে ... মিলনায়তন ত্যাগ ... সাংবাদিকদের ... করার স্বার্থে ... করেছেন। পরিস্থি... তলবি সভা হবে ... জিয়াউর রহমান ... জানান, সভাপতি ... করেছেন।

এর কিছুক্ষণ ... জানান, ইতিমধ্যে ... করেছেন। সেখানে ... সভা ভণ্ডুল প্রচে... হয়েছে। মূল ... হাইকোর্টে স্থায়ী... বিচারপতির পরা... অতিরিক্ত বিচার... করা পর্যন্ত নতুন... হলে আইনজীবী ... মেনে নেবেন না... সরকারপ্রধান ... ব্যারিস্টার ইশা... সিনিয়র আই... প্রতিনিধিদলের ... সমস্যা সমাধান ... আহ্বান জানান... এ প্রস্তাব ... জাতীয়তাবাদী ... হলে তাৎক্ষণি... সভায় বাধের... স্বার্থে কাজ... ফারুকের পদ... এর আ... আইনজীবী ... করে বারের ... খানের সভাপ... জয়নাল আবে... খোকন, গো... রহমান, গোল... হুমায়ুন কবী... বতনদের ... প্রক্রিয়াসহ ... অ্যাটর্নি জেন... মন্ত্রী-নেতার ... তাদের অ... অফিসসহ ... জাতীয়তাবা... হচ্ছে।

এ প্রচ... দৃষ্টি আকর্ষ... বলেন, বিষ... বিচারপতি ... কোনো সু... থেকেই ... অনুযায়ী নি...